দৈনিক জনকণ্ঠ

তারিখ ... FEB. 2 4 2000
পৃষ্ঠা ... কলাম ...

বিটিভিতে দেশবাসীর মুখোমুখি

# প্রধানমন্ত্রীর অনুষ্ঠানে বিরোধী নেত্রীকেও আমন্ত্রণ জানানো হয়েছে

**স্টাফ রিপোর্টার ॥** বিটিভিতে প্রধানমন্ত্রীর দেশবাসীর মুখোমুখি অনুষ্ঠানে বিরোধীদলীয় নেত্রী বেগম খালেদা জিয়াকে আমন্ত্রণ জানানো হয়েছে। তথ্য প্রতিমন্ত্রী অধ্যাপক আবু সাইয়িদ বলেছেন, তিনি (বিরোধীদলীয় নেত্রী) আসলে তাঁকেও মঞ্চে বসিয়ে দু'নেত্রীকে দেশবাসীর মুখোমুখি অনুষ্ঠানে জনগণের প্রশ্নের উত্তর দেয়ার ব্যবস্থা করা হবে।

(১১- পৃষ্ঠা ৪-এর কঃ দেখুন)

## প্রধানমন্ত্রীর অনুষ্ঠানে

(প্রথম পাতার পর)

প্রতিমন্ত্রী বলেন, 'ইতোপূর্বে চারদফা অনুরোধপত্র পাঠিয়েও বিরোধীদলীয় নেত্রীকে এ অনুষ্ঠানে আনা যায়নি।' শুক্রবার বিটিভির ঐ অনুষ্ঠানে প্রধানমন্ত্রী পৌনে তিন বছর পর টেলিফোনে পাওয়া সাধারণ মানুষের এবং স্টুডিওতে উপস্থিত প্যানেল প্রশ্নকর্তা ও দর্শক-শ্রোতাদের প্রশ্নের সরাসরি জবাব দেবেন।

গতকাল তথ্য মন্ত্রণালয়ে আয়োজিত এক প্রেস ব্রিফিংয়ে তথ্যমন্ত্রী অধ্যাপক আবু সাইয়িদ বলেন, সরকার পরিচালনায় দক্ষতা, অভিজ্ঞতা, প্রজ্ঞা ও তাৎক্ষণিক বুৎপত্তি না থাকলে কোন সরকার প্রধান এ ধরনের অনুষ্ঠানে উপস্থিত হয়ে জনগণ ও দর্শক-শ্রোতার প্রশ্নের জবাব দিতেন না। তিনি বলেন, এ ক্ষেত্রে প্রধানমন্ত্রী ব্যতিক্রম বলেই জবাবদিহিতার ক্ষেত্রে রাষ্ট্রনায়কোচিত সাহস দেখিয়েছেন। প্রতিমন্ত্রী প্রশ্নের জবাবে বলেন, ১৯৯৬ সালের পয়লা অক্টোর 'সবিনয়ে জিজ্ঞাসা' ও ২৩ জুন ১৯৯৭ 'দেশবাসীর মুখোমুখি' অনুষ্ঠানে সাধারণ মানুষের প্রশ্নের জবাজ দিয়েছেন। ১৯৯৮ সালে বন্যা, ১৯৯৯ সালে সংসদ অধিবেশনের কারণে ঐ অনুষ্ঠান করা সম্ভব হয়নি।

তথ্য প্রতিমন্ত্রী বলেন, বিটিভির ও অনুষ্ঠানটিতে দর্শক-শ্রোতার নির্বাচনের ক্ষেত্রে দলীয়করণের অভিযোগ ওঠে বলে এ ক্ষেত্রে সতর্কতা অবলম্বন করা হয়েছে। এবার বিশ্ববিদ্যালয়ের শিক্ষক সমিতি, জাতীয় দৈনিক সমূহের সম্পাদক, চীফ রিপোর্টার, বরেণ্য কলামিস্ট, ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশন, ইনস্টিটিউট অব ডিপ্লোমা ইঞ্জিনিয়ার্স, বিএমএ, বিজিএমইএ, বার এ্যাসোসিয়েশন, ঢাকা জেলা বার, প্রেসক্লাব, এফবিসিসিআই, মেট্রোপলিটন চেম্বার, বিএফইউজে (দুই গ্রুপ), রিপোর্টার্স ইউনিটি, এডাব সদস্য, কৃষিবিদ ইনস্টিটিউশনের নির্বাচিত নেতৃবৃন্দকে আমন্ত্রণ জানানো হয়েছে। সংসদের উপনেতা, বিরোধীদলীয় চীপ হুইপ, সরকার দলীয় চীফ হুইফকে আমন্ত্রণ জানানো হয়েছে। আমন্ত্রিতদের তালিকায় আরও আছেন, কবি, সাহিত্যিক, শিল্পী, সাংস্কৃতিক ব্যক্তিত্ব ও বিভিন্ন পেশার উল্লেখযোগ্য ব্যক্তিত্ব।

তথ্য প্রতিমন্ত্রী এক প্রশ্নের জবাবে বলেন, শহীদ মিনারে বিটিভির কভারেজ প্রত্যাশা পূরণ করেনি। দেখানোর মতো অনেক আইটেম থাকা সত্ত্বেও আজে-বাজে অনেক দৃশ্য দেখানো হয়েছে। জাতীয় ভাবগাম্ভীর্য রক্ষা করতে ব্যর্থতার কারণেই টিভির নয় কর্মকর্তাকে 'শোকজ' করা হয়েছে। পরবর্তীতে তদন্ত করে সব বের করা হবে।

সাংবাদিক সম্মেলনে বলা হয়, বিটিভির অনুষ্ঠানটি উপস্থাপনা করবেন আনিসুল হক। পাঁচ জনের প্যানেলের প্রশ্নকর্তা হচ্ছেন, দেবপ্রিয় ভট্টাচার্য, আবেদ খান, মাহফুজ আনাম, রাহাত খান ও শ্যামলী নাসরীন চৌধুরী। প্রযোজক ম. হামিদ। 'দেশবাসীর মুখোমুখি' অনুষ্ঠানে যেসব টেলিফোন নম্বরে প্রধানমন্ত্রীকে প্রশ্ন করা যাবে, সেগুলো হচ্ছে ঃ ৯৩৫৩০৪২-৮, ৮৩১৩৩৩৩, ৮৩১৮৩০০, ৮৩১৮৩৩৩। ফ্যাক্স নম্বর ঃ ৯৩৫৩০৪১।